

## বিপুল পরিমাণ ইয়াবাসহ গ্রেফতার-০২



গোপন সংবাদের ভিত্তিতে অদ্য ০৩/০৯/২০১৪ তারিখ ১৬.০০-১৮.৪৫ ঘটিকায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রোঃ উপ-অঞ্চলাধীন উত্তরা সার্কেলের পরিদর্শক জনাব এ, কে, এম কামরুল ইসলাম এবং খিলগাঁও সার্কেলের পরিদর্শক জনাব

এস, এম, সামছুল কবির এর নেতৃত্বে নগরীর যাত্রাবাড়ী থানাধীন পাড়াডগাইর মুসলিম সুইটস এর সামনে অভিযান পরিচালনা করে মোঃ রফিক(২৬), পিতা-মোহাম্মদ হোসেন, সাং-কর্ণেলহাট, থানা-পাহাড়তলী, জেলা-চট্টগ্রামকে ৫০০০ পিস ইয়াবাসহ এবং আদর্শনগর এলাকার রোড নং-৭/৬, বাড়ী নং-৩৬ এর ২য় তলা ভবনের ২য় তলায় অভিযান পরিচালনা করে মোঃ হাসান (২৬), পিতা-আলী হোসেন, গ্রাম-বুদারবিল, থানা-টেকনাফ, জেলা-কক্সবাজারকে ১০২০০ পিস ইয়াবাসহ হাতেনাতে গ্রেফতার করেন। প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায় যে, আসামীদ্বয় উক্ত ইয়াবা কক্সবাজার সীমান্তের টেকনাফ এলাকা হতে ঢাকার খুচরা বিক্রেতাদের নিকট সরবরাহের উদ্দেশ্যে এনেছিল। এ বিষয়ে আসামীদ্বয়ের বিরুদ্ধে যাত্রাবাড়ী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পৃথক দুটি নিয়মিত মামলা দায়েরের প্রক্রিয়া চলছে।